দৈনিক ইত্তেফাক

তারিখ JUL 1 2 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

৮৩

# চতুর্থ শ্রেণীর বাংলা বইয়ের ভুল প্রসঙ্গে

গত ২৯-৬-৯৯ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত 'চতুর্থ শ্রেণীর বাংলা বইয়ের ভুল' শীর্ষক পত্রের প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। পত্রলেখক উল্লেখ করিয়াছেন যে, "কুনো ব্যাঙ টুনটুনিকে কি খবর দিয়েছিল?" "বুড়ী হাতির বিরুদ্ধে কি নালিশ করল?"- বাক্য দুইটির 'কি'-এর বানানে ঈ-কার (ী) হইবে অর্থাৎ 'কী' হইবে। আমি এই বিষয়ে পত্রলেখকের সহিত সম্পূর্ণ একমত। প্রসঙ্গতঃ উল্লেখ্য, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড-এর 'পাঠ্য বইয়ের বানান' নামক গ্রন্থের ২৪ পৃষ্ঠায় শুধু কয়েকটি উদাহরণ দিয়া 'কি' ও 'কী'-এর পার্থক্য বোঝানো হইয়াছে। কিন্তু 'কি' ও 'কী'-এর সঠিক প্রয়োগের কোন ব্যাখ্যা বা সূত্র ঐ গ্রন্থে নাই। ফলে (আমার বিশ্বাস) কোন পাঠ্য বই প্রণেতা 'কি' ও 'কী'-এর পার্থক্য বুঝিতে পারেন নাই এবং বাংলাদেশের কোন পাঠ্য পুস্তকে 'কী'-এর ব্যবহার হয় নাই। যে প্রশ্নবোধক বাক্যের জবাব সংক্ষেপে 'হ্যাঁ' বা 'না' দিয়া দেওয়া যায়, সেই ক্ষেত্রে প্রশ্নবোধক অব্যয় 'কি' হয় এবং যে প্রশ্নবোধক বাক্যের জবাব সংক্ষেপে 'হ্যাঁ' বা 'না' দিয়া দেওয়া যায় না, সেইক্ষেত্রে প্রশ্নবোধক সর্বনাম/বিশেষণ/ক্রিয়াবিশেষণ 'কী' হয়। আরও উল্লেখ্য, 'কী কী' কখনও (সাধু ভাষায় 'কখনো' হয় না) 'কি কি' হইবে না। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

এ,জেড,এম, কামাল উদ্দিন,
ব্যবস্থাপক (শ্রম ও কল্যাণ),
লতিফ বাওয়ানী জুট মিলস লিমিটেড,
ডেমরা, ঢাকা